অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোর আউটার হার্বারে সূর্যগ্রহণ উদযাপনের জন্য টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং বেল স্লিপ উদ্বোধনের ঘোষণা করলেন

প্রকল্প দুইটি বাফেলোর ওয়াটারফ্রন্টে প্রাণোচ্ছলতা এবং জনগণের অ্যাক্সেস বৃদ্ধি করে

টার্মিনাল বি ইভেন্টস সেন্টারের ছবি এখানে উপলভ্য আছে

বেল স্লিপ উন্নয়ন প্রকল্পের ছবি এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বাফেলোর আউটার হার্বারে টার্মিনাল বি ইভেন্টস সেন্টার (Terminal B Events Center) এবং নতুনভাবে উন্নত করা বেল স্লিপের উদ্বোধন হয়েছে। ইরি ক্যানাল হার্বার উন্নয়ন কর্পোরেশনের (Erie Canal Harbor Development Corporation, ECHDC) উভয় প্রকল্প বাসিন্দা ও দর্শনার্থীদের আউটার হার্বারের সুযোগ সুবিধা ও আকর্ষণের সবকিছু অ্যাক্সেস ও উপভোগ করার নতুন পন্থা প্রদান করে। আজকের ঘোষণাটি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অতিক্রম করা একটি বিরল পূর্ণ সূর্যগ্রহণের সময়ের সাথে মিলে গেছে, এই ইভেন্টটিও বাফেলোর ওয়াটারফ্রন্টে মানুষকে আকৃষ্ট করবে বলে আশা করা যাচ্ছে।

"টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং বেল স্লিপ উন্নয়ন প্রকল্প (Bell Slip Improvement Project) বাফেলোর আউটার হার্বারে আমাদের রূপান্তরমূলক কাজের পরবর্তী পর্যায়ের প্রতীক," **গভর্নর হোকল বলেন।** "বহু প্রজন্মের ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীরা যাতে ওয়াটারফ্রন্টের সকল প্রাকৃতিক সৌন্দর্য এবং বিনোদনমূলক সুযোগ উপভোগ করা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করতে এগুলি সাহায্য করবে। আমরা যেদিন পূর্ণ সূর্যগ্রহণ, যা একটি প্রজন্মে একবার হওয়ার মতো মনোরম প্রদর্শনী হতে দেখছি সেই একই দিনে এদের উদ্বোধন মানানসই।"

13 মিলিয়ন মার্কিন ডলারের টার্মিনাল বি ইভেন্টস সেন্টার (ছবি এখানে) একটি খালি কাঠামোর পুনর্বাসন করে এবং বিদ্যমান পার্কিংকে কাজে লাগিয়ে একটি নতুন আউটডোর ইভেন্টস সেন্টার এবং আশেপাশে উন্মুক্ত স্থান তৈরি করে, এবং একই সাথে নতুন লেকভিউসহ অতিরিক্ত জনগণের অ্যাক্সেস খুলে দেওয়ার জন্য 7 একর দূষিত সম্পত্তিকে পুনরুদ্ধার করে। প্রকল্পটি বিদ্যমান 100,000 বর্গফুটের আবদ্ধ কাঠামোকে একটি ওপেন এয়ার কাঠামোতে রূপান্তরিত করেছে যেখানে একটি ক্যানোপি দেওয়া মঞ্চ রয়েছে যা পারফর্ম্যান্স, অলাভজনক ইভেন্ট, এবং সাংস্কৃতিক সংগঠনের জন্য ব্যবহার করা হবে। ইভেন্ট কাঠামো ভিত্তির সাথে, অ্যাক্সেসিবিলিটি

বৃদ্ধি করার জন্য নতুন ল্যান্ডস্কেপ ভিত্তি ও সিঁড়ি যোগ করা হয়েছে। ঢালু লনের চারপাশে একটি সেকেন্ডারি ওয়াকওয়ে যোগ করার মাধ্যমে বিদ্যমান অ্যাসফল্ট ড্রাইভটির সংস্কার করা হবে, যা বিদ্যমান লেকসাইড ইভেন্ট লন এবং সার্কুলেশন পথকে সংযুক্ত করবে। কাঠামোর কাছে এবং মূল প্রবেশপথ পর্যন্ত পথচারীর পথ সংলগ্নে সাইটের বাতি ও নিরাপত্তা ব্যবস্থা স্থাপন করা হয়েছে। পূর্বে এটিকে স্টোরেজ ব্যবস্থা হিসেবে ব্যবহার করা হতো, এবং 1967 সালের পর থেকে প্রথমবারের মতো টার্মিনাল বি জনগণের জন্য অ্যাক্সেসিবল হবে।

এছাড়াও সাইটে স্থানীয় বন্যপ্রাণীর আবাসস্থলের জোনসহ একটি ঢালু লন স্থাপন করা হয়েছে, যা একটি প্রাকৃতিক পরিবেশ তৈরি করে। ঢালু লনের মধ্যে একটি ওভারলুক ডেক রয়েছে যা থেকে পানি দেখা যাবে। প্রকল্পের পুরো সাইটে মাটির অবস্থাকে নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) প্রবিধান অনুসরণ করে উন্নত করা হয়েছে। অভিবাসী ও বাসা বাঁধা পাখিদের সমর্থন করতে সিডবেডকে বৈচিত্র্যময় করার জন্য নতুন গাছ, ঝোপ এবং তৃণভূমির স্থান যোগ করা হয়েছে।

5 মিলিয়ন মার্কিন ডলারের বেল স্লিপ উন্নয়ন প্রকল্প (ছবি এখানে) বাফেলোর আউটার হার্বারে অনেক বহুল প্রতীক্ষিত সুযোগসুবিধা যোগ করে, যার মধ্যে রয়েছে একটি পাবলিক রেস্টরুম ভবন এবং একটি কেন্দ্রীয় অবস্থানে অতিরিক্ত একটি পার্কিং লট। রেস্টরুম ভবনের পাশে, বেল স্লিপের দিকে মুখ করা একটি আচ্ছাদিত বসার স্থান রয়েছে। এছাড়াও বেল স্লিপের নতুন ওভারলুক ডেকটি জনগণকে পানির প্রান্তের কাছে যেতে দে এবং ফারম্যান ব্যুলেভার্ডের সাথে একটি সংযোগ প্রদানের জন্য পথচারী ও বাইকের পথকে কিছুটা পরিবর্তন করা হয়েছে। বন, তৃণভূমি, ঘাসের জমি এবং পরাগায়ন মাঠসহ সাইটের একটি বিশাল অংশে মাটির সংশোধন এবং ল্যান্ডস্কেপিং উন্নয়ন করা হয়েছে।

ক্যানালসাইডে এবং আউটার হার্বারে সামার 2024 ইভেন্টের সময়সূচি শীঘ্রই buffalowaterfront.com এ প্রকাশ করা হবে। চ্যাপেল রোয়ানের সাথে 24 মে তারিখে টার্মিনাল বিতে আউটার হার্বার লাইভ! শুরু হবে।

টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং বেল স্লিপের অর্থায়ন করেছে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA), নায়াগ্রা পাওয়ার প্রোজেক্টের (Niagara Power Project) কর্মকাণ্ডের সাথে যুক্ত চুক্তির পুনরায় লাইসেন্স করানোর মাধ্যমে এই অর্থায়ন করা হয়েছে। নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্পের জন্য বাফেলো ও ইরি কাউন্টির রিলাইসেন্সিং সেটেলমেন্ট চুক্তির অংশ হিসেবে 2012 সালের মে মাসে ECHDC কে পার্কের জমি হস্তান্তর করা হয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "এইসব স্বাগত আউটার হার্বার সংযোজন আরো বেশি প্রাণোচ্ছলতা নিয়ে আসবে, এবং একই সাথে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সবথেকে উপভোগ্য গন্তব্যে জনগণের অ্যাক্সেস উন্নত করবে।বাফেলোর ওয়াটারফ্রন্টের জন্য গভর্নর হোকলের ভিশনকে আরো অগ্রসর করার মাধ্যমে, এই গ্রীষ্মকালটি আউটার হার্বারের জন্য একটি বাদ দেওয়া যাবে না এমন মৌসুম হবে।"

ECHDC প্রধান জোয়ান কেসনার বলেন, "বাফেলো সিটির ওয়াটারফ্রন্টকে আরো সংযুক্ত করে এমন দুইটি সুন্দর নতুন গন্তব্যে আমরা জনগণকে স্বাগত জানাচ্ছি। একটি কনসার্ট উপভোগ করা, পানির প্রান্ত ধরে হাঁটা বা নিঃশব্দে বেড়ানো উপভোগ করার মধ্যে আপনি যেটিই করতে ইচ্ছুক হন না কেনো, গভর্নর হোকলের প্রশাসন আমাদের ওয়াটারফ্রন্টকে উন্মুক্ত করতে এবং এটিকে সকলের উপভোগের স্থান করতে পরিশ্রম করছে। এই উন্নয়নকাজগুলি হলো ক্যানালসাইড এবং আউটার হার্বারে সম্প্রতি শেষ হওয়া বা নির্মাণাধীন দারুণ সব প্রকল্পের অনুবর্তী।"

NYPA প্রধান এবং বাফেলোর বাসিন্দা জন আর কোয়েলমেল বলেন, "নায়াগ্রা পাওয়ার প্রোজেক্টের কর্মকাণ্ডের সাথে সংযুক্ত চুক্তির পুনরায় লাইসেন্স করার অংশ হিসেবে, NYPA এর তহবিল বাফেলোর ওয়াটারফ্রন্টের পুনর্গঠনকে সমর্থন করছে, যা গভর্নর হোকলের নেতৃত্বাধীনে শীর্ষস্থানীয় আঞ্চলিক গন্তব্য হিসেবে উদীয়মান হয়েছে। টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং নতুনভাবে উন্নত বেল স্লিপ হলো বাফেলোর আউটার হার্বারের সর্বশেষ সংযোজন এবং এটি এলাকায় উন্নত অ্যাক্সেসিবিলিটি এবং অতিরিক্ত সুযোগ সুবিধা প্রদান করবে, যা ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং তাদের পরিবারের জন্য বিনোদনমূলক সুযোগ ও ইভেন্টের সদ্ব্যবহার করা সহজ করবে।"

বাফেলো ওয়াটারফ্রন্ট এবং এর বিকাশ হলো গভর্নর হোকলের জন্য অগ্রাধিকার, আজকের ফিতা কাটা হলো তার বাফেলো ওয়াটারফ্রন্ট ঘোষণাসমূহের সিরিজের সর্বশেষ মাইলফলক। উইলকসন পয়েন্ট উন্নয়ন প্রকল্পের (Wilkeson Pointe Improvement Project) কাজ শুরু হয় 2023 সালের ফল মৌসুমে, এতে রয়েছে দর্শনার্থীদের নিরাপত্তা ব্যবস্থা আরো উন্নত করা যেমন পানি থেকে দূরে এবং সাইটের পথচারী ট্রেইল থেকে দূরত্ব বজায় রেখে পার্ক করা। প্রকল্পে নতুন একটি খাদ্য সেবা ভবন, রেস্টরুম, এবং হয় প্যাটিওতে বা একটি সৈকতের পরিবেশের অভ্যন্তরে একটি নতুন আউটডোর বসার ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে। নতুন নকশার কারণে সাইটের বিদ্যমান ট্রেইলসমূহের স্থান পরিবর্তন করতে হবে এবং পানির প্রান্তের কাছে উচ্চতা বৃদ্ধি করতে হবে। প্রাকৃতিক প্রজাতির গাছ লাগানো, তৃণভূমি, ঘাসের মাঠ এবং পরাগায়ন মাঠ তৈরির মাধ্যমে সাইটের মধ্যকার ল্যান্ডস্কেপিং উন্নত করা হবে। নির্মাণকাজের সময়, জনগণের জন্য উইলকসন পয়েন্টের অ্যাক্সেস সীমিত হবে। 2025 সালে উইলকসন পয়েন্ট উন্নয়ন প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে। রেন্ডারিং দেখুন এখানে।

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "টার্মিনাল বি ইভেন্টস সেন্টারটি হলো বাফেলোর আউটার হার্বারের দীর্ঘমেয়াদি ভিশনে এবং আমাদের ওয়াটারফ্রন্ট যাতে এর সকল সম্ভাবনা পূরণ করতে পারে তা নিশ্চিত করার জন্য আরো একটি বিনিয়োগ। এই ওপেন এয়ার স্থানটি বিদ্যমান প্রাকৃতিক ল্যান্ডস্কেপকে অন্তর্গত করে এবং অনন্য একটি আউটডোর অভিজ্ঞতা তৈরি করে, এমন একটি অভিজ্ঞতা যা কনসার্ট ও ইভেন্টের পটভূমি হিসেবে কাজ করবে এবং প্রতি বছর কয়েক লাখ নতুন দর্শনার্থীকে আকৃষ্ট করবে।"

অ্যাসেম্বলি সদস্য জন ডি রিভেরা বলেন, "আমাদের সিটির আউটার হার্বারের সংলগ্নে জনগণের অ্যাক্সেসিবল ভূমি পুনরুদ্ধার অব্যাহত রাখার পক্ষে আমি দৃঢ়ভাবে কথা বলেছি, এবং টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং উন্নত বেল স্লিপের উদ্বোধন হলো দারুণ ধারাবাহিকতা। নতুন

ইভেন্টস সেন্টারটি পূর্বে খালি থাকা একটি কাঠামোর অভিযোজিত পুনর্ব্যবহার করে এবং আমাদের ওয়াটারফ্রন্টের আরো বেশি অংশ জনগণের জন্য উন্মুক্ত করতে সাত একর জমি পুনরুদ্ধার করে। ক্যানালসাইড এবং আউটার হার্বারে গ্রীষ্মকালীন ইভেন্টের একটি পূর্ণ ধারা অনুষ্ঠিত হওয়ার সময় নির্ধারিত হয়েছে, বাফেলো এর মহানতম প্রাকৃতিক ধনসম্পদ সম্পূর্ণভাবে কাজে লাগানোর পথে রয়েছে। আমাদের অঞ্চলের ওয়াটারফ্রন্ট সংলগ্নে অগ্রগতির ক্ষেত্রে তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি ইরি ক্যানাল হার্বার উন্নয়ন কর্পোরেশন, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

বাফেলো সিটির মেয়র বায়রন ব্রাউন বলেন, "আউটার হার্বারে টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং বেল স্লিপ উদ্বোধন দেখা দারুণ একটি ব্যাপার। এগুলি আমাদের বিকাশমান ওয়াটারফ্রন্টের জন্য দারুণ সংযোজন। বাফেলোর বিকাশে তার অব্যাহত সমর্থনের জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি পোলোনকার্জ বলেন, "টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং বেল স্লিপের এইসব আকর্ষণীয় বিকাশ উষ্ণতর মাসগুলিকে সামনে রেখে, একদম ঠিক সময়ে হচ্ছে এবং নিঃসন্দেহে এগুলি আউটার হার্বারের জন্য স্বাগত সংযোজন হবে। ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস বৃদ্ধি করা এবং পানির কাছে দর্শনার্থীরা যাতে তাদের সময় উপভোগ করতে পারে তার জন্য প্রয়োজনীয় সুযোগসুবিধা প্রদান করা হলো এমন বিনিয়োগ যা জীবনযাত্রার মান উন্নত করে এবং সকলের জন্য দারুণ অভিজ্ঞতা তৈরি করে, এবং এমন প্রকল্পে গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

বাফেলো কমন কাউন্সিলের (Buffalo Common Council) প্রেসিডেন্ট ক্রিস্টোফার পি স্ক্যানলন বলেন, "টার্মিনাল বি ইভেন্টস সেন্টার এবং বেল স্লিপ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন হলো বাফেলোর ওয়াটারফ্রন্টের জন্য আকর্ষণীয় মাইলফলকের চিহ্ন, যা বাসিন্দা ও দর্শনার্থী উভয়ের জন্য প্রাণোচ্ছলতা ও পাবলিক অ্যাক্সেস বৃদ্ধি করে। টার্মিনাল বি ইভেন্টস সেন্টার উদ্বোধনের মতো চলমান প্রকল্প আমাদের শহরের উল্লেখযোগ্য বহু মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রতিনিধিত্ব করে, সাংস্কৃতিক ইভেন্ট, আউটডোর বিনোদন, এবং আউটার হার্বারের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার জন্য নতুন সুযোগ প্রদান করে। আমাদের ওয়াটারফ্রন্টকে পুনরুজ্জীবিত করতে এবং আগামী প্রজন্ম উপভোগ করতে পারবে এমন স্থান তৈরির জন্য গভর্নর হোকল এবং জড়িত সকলের নিবেদনের আমি প্রশংসা করছি।"

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন সম্পর্কে

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation, ECHDC) ভোট দেয়ার ক্ষমতাসম্পন্ন সাতজন এবং ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টর সহ মোট নয়জন-সদস্যের একটি বোর্ড দ্বারা পরিচালিত হয়। এই সাতজন ভোট পরিচালকের সুপারিশ করেন নিউ ইয়র্ক স্টেট গভর্নর এবং ECHDC-এর একমাত্র শেয়ারহোল্ডার হিসেবে নিউ ইয়র্ক স্টেট আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Urban Development Corporation), যারা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নামে কাজ করে, তাদের দ্বারা নিয়োগ করা হয়। ইরি কাউন্টির এক্সিকিউটিভ ও বাফেলো সিটির মেয়র ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টরের পদে অধিষ্ঠিত রয়েছেন।

স্টেটের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) সাবসিডিয়ারি হিসেবে, ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন ক্যানেলসাইডে, ওহাইয়ো স্ট্রিট করিডর ও আউটার হার্বারে এমন পরিকাঠামো তৈরি করতে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত ক্রিয়াকলাপের আয়োজন করতে সহায়তা করে যেগুলো বহু মানুষকে আকর্ষণ করছে, বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করছে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জল সংলগ্ন এলাকাগুলি উপভোগ করাকে সমৃদ্ধ করছে। এর ভিশন হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জলপথকে পুনরুজ্জীবিত করা এবং এই অঞ্চলের গর্বিত ইতিহাস, নাগরিক গুরুত্ব ও প্রাকৃতিক সৌন্দর্যের উপর ভিত্তি করে বাফেলোর অর্থনৈতিক সমৃদ্ধি ফিরিয়ে আনা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন